



# বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট

৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭

www.bim.gov.bd

## নিয়োগ বিজ্ঞপ্তি

নং-৩৬.০৭.০২.০১.০০.০৩.২০১৭.২০২০/

তারিখঃ ১৯/০২/২০২০খ্রিঃ

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর নিম্নবর্ণিত ২৫টি ক্যাটাগরীতে সর্বমোট ৫৫ (পঞ্চাশ) টি শূন্য পদ পূরণের নিমিত্তে বর্ণিত শর্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছেঃ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা
১।	ব্যবস্থাপনা উপদেষ্টা	১০টি	অনুর্ধ্ব ৩২ বৎসর	৩৫৫০০- ৬৭০১০ (গ্রেড-৬)	১। বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/ বিজ্ঞানের সংশ্লিষ্ট শাখায় দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকোত্তর ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। এবং ২। কোন শিল্প / বাণিজ্যিক প্রতিষ্ঠানে প্রাসঙ্গিক বিষয়ে কোন দায়িত্বশীল পদে কমপক্ষে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। এবং ৩। কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষা দানের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২।	উর্ধ্বতন সম্পাদক	১টি	অনুর্ধ্ব ৩২ বৎসর	২৯০০০- ৬৩৪১০ (গ্রেড-৭)	১। অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে সাংবাদিকতায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকোত্তর ডিগ্রীসহ সাংবাদিকতা/ প্রকাশনা ও জনসংযোগ কাজে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতা। ২। বাংলা ইংরেজী ভাষায় পারদর্শীতাসহ ফটোকম্পোজিং এবং কম্পিউটার ব্যবহারে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৩।	সহযোগী ব্যবস্থাপনা উপদেষ্টা	৬টি	অনুর্ধ্ব ৩২ বৎসর	২২০০০- ৫৩০৬০ (গ্রেড-৯)	বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/ পরিসংখ্যান/ কম্পিউটার বিজ্ঞান সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকোত্তর ডিগ্রী অথবা প্রকৌশলে সমমানের ডিগ্রী থাকিতে হইবে।
৪।	গবেষণা কর্মকর্তা	২টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	২২০০০- ৫৩০৬০ (গ্রেড-৯)	বাণিজ্য/ব্যবসা প্রশাসন/সমাজ বিজ্ঞান/ পরিসংখ্যান/ কম্পিউটার বিজ্ঞান-এর সংশ্লিষ্ট শাখায় কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ইঞ্জিনিয়ারিং-এ অনুরূপ ডিগ্রী থাকিতে হইবে। শিক্ষা জীবনে কমপক্ষে দুইটি প্রথম শ্রেণী থাকিতে হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পি.এইচ.ডি. ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
৫।	প্রধান সহকারী	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১২৫০০- ৩০২৩০ (গ্রেড-১১)	দ্বিতীয় শ্রেণীর/সমতুল্য গ্রেড পদ্ধতির স্নাতকসহ যেকোন সরকারি/ আধা-সরকারি প্রতিষ্ঠানে কমপক্ষে ৫ বৎসরের কাজের অভিজ্ঞতা।
৬।	কম্পিউটার অপারেটর	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১২৫০০- ৩০২৩০ (গ্রেড-১১)	কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত স্নাতক ডিগ্রীধারী। তবে বিজ্ঞানে স্নাতকধারীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।
৭।	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর	৬টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১১০০০- ২৬৫৯০ (গ্রেড-১৩)	এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় পাস তৎসহ ইংরেজী ও বাংলা সাঁটলিপিতে প্রতি মিনিটে যথাক্রমে ৮০/৫০ এবং টাইপিং-এ ইংরেজীতে ৩০ এবং বাংলায় প্রতিমিনিটে ২৫ শব্দের গতি থাকিতে হইবে।
৮।	সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর	২টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১০২০০- ২৪৬৮০ (গ্রেড-১৪)	স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে/সমতুল্য গ্রেড পদ্ধতির এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষায় পাসসহ ইংরেজী ও বাংলা সাঁটলিপিতে যথাক্রমে ৭০/৪৫ এবং টাইপিং-এ ৩০/২৩ প্রতিমিনিটে গতি থাকিতে হইবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা
৯।	উচ্চমান সহকারী	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১০২০০- ২৪৬৮০ (গ্রেড-১৪)	দ্বিতীয় বিভাগে/সমতুল্য গ্রেড পদ্ধতির এইচ.এস.সি. পাসসহ যেকোন সরকারী/আধা- সরকারী প্রতিষ্ঠানে ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১০।	প্রজেক্টর অপারেটর	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	১০২০০- ২৪৬৮০ (গ্রেড-১৪)	দ্বিতীয় বিভাগে/সমতুল্য গ্রেড পদ্ধতির এইচ.এস.সি. বা সমমানের পাস তৎসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১১।	ইলেকট্রিশিয়ান	২টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৭০০- ২৩৪৯০ (গ্রেড-১৫)	১। কমপক্ষে ৮ম শ্রেণী পাস তৎসহ সরকার অনুমোদিত কোন কারিগরী ইনস্টিটিউট হইতে ইলেক্ট্রিক যন্ত্রাদি সংরক্ষণ ও গৃহে বৈদ্যুতিক তার সংযোজনের কাজে ১ বৎসরের ট্রেড সার্টিফিকেট কোর্সসহ ৩ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা ২। কমপক্ষে ৮ম শ্রেণী পাসসহ ইলেকট্রিশিয়ান ট্রেড কোর্স পাস এবং কমপক্ষে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। প্রজেক্টর এবং ডুল্লিকোটিং মেশিন চালনায় দক্ষতা থাকিতে হইবে।
১২।	এলডিএ-কাম-কম্পিউটার অপারেটর	৩টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০- ২২৪৯০ (গ্রেড-১৬)	কোন অনুমোদিত বোর্ড হইতে এইচএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে।
১৩।	রেকর্ড কীপার	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০- ২২৪৯০ (গ্রেড-১৬)	এইচএসসি পাস এবং তৎসহ নথি সংরক্ষণে পর্যাপ্ত জ্ঞান থাকিতে হইবে। মুদ্রাক্ষরিক কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে গণ্য হইবে।
১৪।	ফটোগ্রাফার	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০- ২২৪৯০ (গ্রেড-১৬)	এস.এস.সি পাস এবং তৎসহ ছবি তোলায় যন্ত্রপাতি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এবং স্থির ছবি ছাপানো ডিডিও/ স্লাইড তৈরী করা এবং ভিতরে ও বাহিরে ছবি তোলায় অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৫।	অভ্যর্থনাকারী	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০- ২২৪৯০ (গ্রেড-১৬)	এস.এস.সি পাসসহ পিএবিএক্স বোর্ডের কাজে অভিজ্ঞতা এবং অতিথি অভ্যর্থনায় পারদর্শিতা থাকিতে হইবে।
১৬।	লাইব্রেরী এটেনডেন্ট	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৯৩০০- ২২৪৯০ (গ্রেড-১৬)	লাইব্রেরি কাজে অভিজ্ঞতাসহ এইচ.এস.সি বা সমমানের পাস তৎসহ লাইব্রেরী সায়েন্স সার্টিফিকেটধারী প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।
১৭।	ফটোকপি অপারেটর	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮৮০০- ২১৩১০ (গ্রেড-১৮)	কোন স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় বিভাগে/সমতুল্য গ্রেডে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাসসহ ডুল্লিকোটিং মেশিন চালনায় ০২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১৮।	পাম্প চালক (পাম্প অপারেটর)	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮৮০০- ২১৩১০ (গ্রেড-১৮)	কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি পাসসহ প্লাম্বার কাজে দক্ষতা এবং পাম্প মেশিন অপারেটিং এ বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৯।	বাবুর্চি (পাচক)	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮৮০০- ২১৩১০ (গ্রেড-১৮)	৮ম শ্রেণী পাস। বাংলাদেশী, চাইনিজ, ইংলিশ বাসন সাজানো ও বিভিন্ন রন্ধন ও মেনু তৈয়ারীর কাজে ৫ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
২০।	রুম এটেন্ডেন্ট	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮৮০০- ২১৩১০ (গ্রেড-১৮)	এসএসসি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। হোস্টেলের কাজে অভিজ্ঞতা সম্পন্ন লোকদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২১।	হেলপার	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮২৫০- ২০০১০ (গ্রেড-২০)	এসএসসি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। ক্লাসরুম, টেবিল, চেয়ার ইত্যাদি সাজানো গোছানো কাজে অভিজ্ঞতা থাকিতে হইবে।
২২।	মালী	১টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮২৫০- ২০০১০ (গ্রেড-২০)	৮ম শ্রেণী পাসসহ বাগানের বিভিন্ন ধরনের ফুলের চারা রোপন, নার্সারীকরণ, সার প্রয়োগ, যন্ত্রপাতির ব্যবহার ঔষধপত্রের ব্যবহার এবং বাগানের পরিচর্যা জ্ঞান সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। প্রার্থীর অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা
২৩।	অফিস সহায়ক (এমএলএসএস)	৪টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮২৫০- ২০০১০ (গ্রেড-২০)	এসএসসি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে। অফিসের কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২৪।	নিরাপত্তা প্রহরী	৩টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮২৫০- ২০০১০ (গ্রেড-২০)	এসএসসি পাস ও অবশ্যই শারীরিক যোগ্যতা সম্পন্ন থাকিতে হইবে। সামরিক বাহিনীর কর্মচারী, আনসার, বিডিআর ও পুলিশ বাহিনীর প্রাক্তন সদস্যদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২৫।	পরিচ্ছন্ন কর্মী (ঝাড়দার)	২টি	অনুর্ধ্ব ৩০ বৎসর	৮২৫০- ২০০১০ (গ্রেড-২০)	৮ম শ্রেণী পাসসহ অফিস, ড্রেন, টয়লেট ও বাথরুম পরিষ্কার করার কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। প্রার্থীর অবশ্যই শারীরিক যোগ্যতা থাকিতে হইবে।

**শর্তাবলী :**

- ১) বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর স্মারক নং-৩৬.০৭.০২.০১.০০.০৩.২০১৭/৭৮০, তারিখঃ ২০/০৭/২০১৭ খ্রি. এর বিপরীতে যে সকল আবেদনকারী আবেদন করিয়াছেন তাহাদেরকে নুতন করে আবেদন করিতে হইবে না এবং তাহাদের পূর্বের আবেদন নিয়োগের আওতায় আনা হইবে।
- ২। আবেদনকারীকে অবশ্যই সাদা কাগজে লিখিত/ টাইপকৃত দরখাস্ত দাখিল করিতে হইবে। আবেদনকৃত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।
- ৩। দরখাস্তে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকাশনা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করিতে হইবে।
- ৪) আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করিতে হইবেঃ-
  - ক) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদসহ অন্যান্য সকল সনদপত্রের সত্যায়িত কপি;
  - খ) স্থানীয় চেয়ারম্যান/ পৌর সভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদ;
  - গ) প্রার্থীর আত্মীয় নহেন এমন একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ;
  - ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি;
  - ঙ) আবেদনের সহিত ক্রমিক-১ – ৪ এর জন্য ১,০০০/- (এক হাজার) এবং ক্রমিক ৫ – ২৫ এর জন্য ৭০০/- (সাতশত) টাকার পে- অর্ডার/ব্যাংক ড্রাফট মহাপরিচালক, বিআইএম, ঢাকা এর অনুকূলে প্রদান করিতে হইবে। কোন পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়;
  - চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান হইলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি;
  - ছ) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি;
  - জ) প্রার্থী উপজাতীয় সম্প্রদায়ভুক্ত হইলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হইতে প্রাপ্ত সনদের কপি;
- ৫। এসএসসি বা সমমানের পরীক্ষার সনদের ভিত্তিতে প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হইবে। ০১/০২/২০২০ খ্রি. তারিখে প্রার্থীর বয়স পদের বিপরীতে উল্লেখিত বয়স সীমার মধ্যে অবশ্যই থাকিতে হইবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হইবে না।
- ৬। আবেদনপত্রে আবশ্যিকভাবে ই-মেইল এড্রেস ও মোবাইল/ ফোন নম্বর উল্লেখ করিতে হইবে।
- ৭। নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারি বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা ২০০১ অনুযায়ী নিয়ন্ত্রিত হইবেন।
- ৮। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদপত্র/কাগজপত্র/প্রদত্ত কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। চাকরি প্রাপ্তির পরও যেকোন পর্যায়ে তাহার সনদপত্র/প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হইলে তাহাকে চাকরি হইতে তৎক্ষণিকভাবে বরখাস্ত করা হইবে এবং তাহার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হইবে।
- ৯। চাকরির আবেদন মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট, ৪ সোবহানবাগ, মিরপুর রোড, ঢাকা-১২০৭ এর সমীপে রেজিস্টার্ড ডাকযোগে অথবা সরাসরি পৌঁছাইতে হইবে। আবেদনপত্র সর্বশেষ ৩১ মার্চ, ২০২০ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই মহাপরিচালকের দপ্তরে পৌঁছাইতে হইবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন সমূহ সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে এবং ফেরৎ দেওয়া হইবে।
- ১০। আবেদনপত্র সমূহ যথাযথভাবে বাছাইয়ের পর বৈধ প্রার্থীদের নিকট লিখিত পরীক্ষার নির্ধারিত প্রবেশপত্র ডাকযোগে পাঠানো হইবে। বিশেষ অবস্থার প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশপত্র না পাওয়া গেলে বিআইএম হইতে প্রার্থীর স্ব-উদ্যোগে ডুল্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাইবে।
- ১১। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট যাবতীয় মূল সনদপত্র প্রদর্শন করিতে হইবে।
- ১২। সম্পূর্ণরূপে যোগ্যতা, নিরপেক্ষতা ও স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হইবে। যেকোন ব্যক্তিগত যোগাযোগ ও তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে।
- ১৩। সরকার কর্তৃক নির্ধারিত সকল কোটা নিয়োগকালীন সময়ে সর্বশেষ প্রচলিত নিয়ম সংরক্ষিত/প্রযোজ্য হইবে।
- ১৪। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ১৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা ও নাতি/নাতনী হইলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতা মহের মুক্তিযোদ্ধার সনদের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও নাতি/নাতনী হইলে, সেক্ষেত্রে প্রমান সরুপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- ১৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হইবে না।
- ১৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ১৮। স্বাক্ষরবিহীন এবং অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিলযোগ্য হইবে।
- ১৯। হাল নাগাদ তথ্যের জন্য বিআইএম এর ওয়েব সাইট [www.bim.gov.bd](http://www.bim.gov.bd)-তে ভিজিট করা যাইতে পারে।
- ২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

মহাপরিচালক